দৈনিক সংবাদ

তারিখ 20 JAN 1995
পৃষ্ঠা ২ কলাম ৭

# এইচএসসি পর্যায়ে এখনই নৈর্ব্যক্তিক প্রশ্ন পদ্ধতি চালু হচ্ছে না

(নিজস্ব বার্তা পরিবেশক)

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় নৈর্ব্যক্তিক প্রশ্ন এখনই চালু করা হচ্ছে না। গত সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক উচ্চপর্যায়ের বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়, আগামী

এইচএসসি ঃ পৃঃ ৮ কঃ ৪

## এইচএসসি ঃ নৈর্ব্যক্তিক প্রশ্ন পদ্ধতি সম্পর্কে পরে সিদ্ধান্ত হবে

( ১ম পাতার পর )

এপ্রিলে নৈর্ব্যক্তিক প্রশ্নের আওতায় অনুষ্ঠেয় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় ঐ পদ্ধতি কতখানি ফলপ্রসূ হয় তা দেখার পরই এইচএসসি পর্যায়ে নৈর্ব্যক্তিক পদ্ধতি প্রবর্তন সম্পর্কে সিদ্ধান্ত নেয়া হবে।

এদিকে নৈর্ব্যক্তিক প্রশ্ন পদ্ধতি প্রবর্তনের ফলে মাধ্যমিক পর্যায়ে কি প্রতিক্রিয়া হয় তা পর্যালোচনার জন্য শিক্ষা সচিবের নেতৃত্বে ৪ শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি কমিটি গঠনের ব্যাপারে ঐ বৈঠকে সিদ্ধান্ত হয়েছে।

প্রশ্নপত্র ফাঁসের বিরুদ্ধে কঠোর আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণের পাশাপাশি প্রশ্নপত্রের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করারও উদ্যোগ নেয়া হয়েছে।